

advertisement

## কর্মসূচিতে গিয়ে যৌন হয়রানিতে ছাত্রলীগ নেত্রী

২৯ আগস্ট ২০১৯ ০১:২৯

আপডেট: ২৯ আগস্ট ২০১৯ ০২:২৩



সংগঠনের কর্মসূচিতে গিয়ে যৌন হয়রানির শিকার হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের এক নেত্রী। গতকাল বুধবার রাত ৯টার দিকে টিএসসি অডিটরিয়ামে এ ঘটনা ঘটে। সরকারি কবি নজরুল কলেজ শাখা ছাত্রলীগের এক কর্মী এ ঘটনা ঘটিয়েছে বলে ওই নেত্রীর অভিযোগ। তবে তাত্ক্ষণিকভাবে অভিযুক্ত ছাত্রলীগ কর্মীর পরিচয় জানা যায়নি।

প্রত্যক্ষদর্শীরা জানান, গতকাল টিএসসি অডিটরিয়ামে ‘বঙ্গবন্ধুর নান্দনিক ভাবনা’ শীর্ষক এক স্মারক বক্তৃতার আয়োজন করে কেন্দ্রীয় ছাত্রলীগ। অনুষ্ঠান শেষে অডিটরিয়াম থেকে বের হওয়ার সময় কবি নজরুল কলেজ শাখা ছাত্রলীগের এক কর্মী সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার ওই নেত্রীর গায়ে হাত দেন। এ সময় ওই শিক্ষার্থী অভিযুক্তকে ধরে অডিটরিয়ামের বাইরে নিয়ে আসেন। তিনি অভিযুক্তকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বড়ির কাছে সোপর্দও করেন।

সূত্র আরও জানায়, যৌন হয়রানি নিয়ে ইউগোলের মধ্যে কেন্দ্রীয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক গোলাম রাব্বানী ঘটনাস্থলে আসেন। এ সময় অভিযুক্ত ছাত্রলীগ কর্মী গোলাম রাব্বানীর কাছে অভিযোগ অস্বীকার করেন। তখন গোলাম রাব্বানী উল্টো বিশ্ববিদ্যালয়ের ওই নেত্রীকেই ধমক দেন।

ঘটনার সত্যতা স্বীকার করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সভাপতি সনজিত চন্দ্র দাস বলেন, বিষয়টি সম্পর্কে আমরা জেনেছি। খোঁজ নিয়ে দেখব। যেহেতু কবি নজরুল কলেজের ওই ছাত্র যৌন হয়রানি করেছে, সেহেতু ছাত্রলীগে যেন এ রকম কুলাঙ্গারের জায়গা না হয় সে ব্যবস্থা নিতে কেন্দ্রীয় শাখাকে আহ্বান জানাব।

এ বিষয়ে জানতে ছাত্রলীগের সাধারণ সম্পাদক গোলাম রাব্বানীকে একাধিকবার ফোন করা হলেও তিনি সাড়া দেননি। তবে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক গোলাম রাব্বানী বলেন, প্রক্টরিয়াল বডি'র সদস্যরা আমাকে জানিয়েছেন এ রকম একটি ঘটনা ঘটেছে। পরে ছাত্রলীগ নিজেরাই এটা সমঝোতা করে ফেলেছে।

advertisement